

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

নথি নং-৪(১)শুল্কঃ রপ্তানী ও বন্ড/৯৯

তারিখ-১৪/০২/৯৯ইং।

অফিস আদেশ

বিষয়ঃ বিনা শুল্কে ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউজ সমূহ কর্তৃক বন্ডে আমদানীর বার্ষিক প্রাপ্যতা (entitlement) নির্ধারণ প্রসংগে।

ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউজ সমূহের আমদানীর প্রাপ্যতা (entitlement) বিষয়ে বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্সে প্রদত্ত শর্ত অস্পষ্ট হওয়ার কারণে আমদানী পণ্য খালাসে এবং অন্যান্য ব্যাপারে সমস্যার উদ্ভব হচেছ। এ সমস্যা সমাধানের লক্ষ্যে নিম্ন বর্ণিত পদ্ধতি অবলম্বনে প্রতিটি ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউজের জন্য পৃথক পৃথক আমদানীর প্রাপ্যতা (entitlement) সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস নির্ধারণ করবেন এবং এ পদ্ধতি বর্তমান অর্থ বছর (১৯৯৮-৯৯) থেকে কার্যকর হবেঃ—

- (১) প্রতিটি ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউজ কর্তৃক বিগত তিন বছরে বৈধভাবে বিক্রিত পণ্যের ক্রয় মূল্যের গড় করে ঐ বন্ডেড ওয়্যারহাউজ বন্ডে বিনা শুল্কে বছরে কি মূল্যের পণ্য আমদানী করতে পারবে তা মার্কিন ডলারে নির্ধারণ করতে হবে;
- (২) যদি ক্রয় মূল্যের ভিত্তিতে উল্লেখিত আমদানীর পরিমাণ নির্ধারণ করা সম্ভব না হয়, তাহলে ৩ বছরের গড় বিক্রয় মূল্য থেকে ৩০% বাদ দিয়ে উল্লেখিত বাৎসরিক আমদানী প্রাপ্যতা (entitlement) মার্কিন ডলারে নির্ধারণ করতে হবে;
- (৩) কোন ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউজ নির্ধারিত মূল্যের অতিরিক্ত পণ্য আমদানী করতে পারবে না এবং কোন অতিরিক্ত আমদানী যেন না হয়, তা আমদানী কাস্টম হাউস/স্টেশন এর শুল্ক কর্মকর্তাগণ নিশ্চিত করবেন;
- (৪) বর্তমান অর্থ বৎসরে কোন ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউজ যা আমদানী করেছে এবং বছরের অবশিষ্ট সময়ের মধ্যে যা আমদানী করবে তার যোগফল বা সমষ্টি নির্ধারিত সত্ত্বসীমার (entitlement) বেশী হতে পারবে না;
- (৫) যদি বর্তমান বৎসরে কোন ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউজের আমদানী উল্লেখিত নির্ধারিত পরিমাণের চেয়ে বেশী হয়ে থাকে তবে, সে প্রতিষ্ঠান এ বছরের অবশিষ্ট সময়ে আর আমদানী করতে পারবে না এবং অতিরিক্ত পণ্য পরের বছরের সত্ত্বসীমার সাথে সমন্বয় করা হবে;
- (৬) উপরোক্ত নীতিমালা অনুসরণ করে প্রতিটি ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউজ এর জন্য বিনা শুল্কে বন্ডে বাৎসরিক আমদানীর প্রাপ্যতা (entitlement) ১৫ই মার্চ '৯৯ এর মধ্যে নির্ধারণ করে কমিশনার, কাস্টম হাউস, ঢাকা সংশ্লিষ্ট সকল কমিশনার ও ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউজ সমূহকে অবহিত করবেন।

(শাহ্নাজ পারভীন)
দ্বিতীয় সচিব (শুল্কঃ রপ্তানী ও বন্ড)
ফোনঃ ৪০৬০৫৮